

~~২/৪~~
46

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 NOV. 1999.

পৃষ্ঠা... ৭... কলাম... ২

**ডাঃ বিঃ খোলা প্রসঙ্গে
শিক্ষা মন্ত্রণালয়**

গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের
এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়,
(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

শিক্ষা মন্ত্রণালয়

(১ম পৃ: পর)

কতিপয় শিক্ষক ও ছাত্র কর্তৃক গত
রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার
ঋণের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ
হইয়াছে। সরকার পরিস্থিতি ব্যাখ্যা
করিয়া বলিয়াছে, ঢাকা বিশ্ব-
বিদ্যালয়ের এক সহস্র শিক্ষক ও
২৮ সহস্র ছাত্রের মধ্যে সামান্য-
সংখ্যক শিক্ষক ও ছাত্র ক্লাস রুমে
প্রবেশ করিয়া পাঠ্যসূচী বহির্ভূত
রাজনৈতিক বিষয়াদি নিয়া আলো-
চনা করেন। এমন কি যাহারা
উপস্থিত ছিলেন তাহাদের মধ্যে
কিছু সংখ্যক ছিলেন বহিরাগত
এবং সংশ্লিষ্ট বিভাগের ছাত্র নন।

কতজন শিক্ষক ক্লাস

নিয়াছে জানান

আমাদের রিপোর্টার জানান,
রবিবার কোন বিভাগে কতজন
শিক্ষক ক্লাস নিয়াছেন এই তথ্য
জানিতে চাহিয়া ঢাকা বিশ্ববিদ্যা-
লয়ের ভাইস চ্যান্সেলরের দপ্তর
হইতে গতকাল সকল বিভাগে
জরুরী চিঠি পাঠানো হয়। চিঠিতে
বিভাগের মোট ছাত্রসংখ্যার পাশা-
পাশি রবিবার ক্লাসে উপস্থিতির
সংখ্যাও জানিতে চাওয়া হইয়াছে।